

বর্ষবরন ১৪২৫

মহাকালের গর্ভে বিলীন হয়ে যাচ্ছে আরও একটি বছর। শান্তি, সমৃদ্ধি ও সম্ভাবনার অপার বারতা নিয়ে আসছে নতুন বছর ১৪২৫। যে বছর অতীত হলো, সে জীর্ণ পুরাতন, সে যাক মুছে যাক। বিদায়ী বছরের ব্যর্থতাকে সরিয়ে পুরনো বছরের সংশয়, সঙ্কট, উদ্বেগ কাটিয়ে উঠে নতুন আশায় নতুন করে দিনযাপন শুরু হবে নতুন বছরে। শুরু হবে নতুনভাবে আমাদের পথচলা। নববর্ষের এই শুভলগ্নে প্রতীতি সমবেত আনন্দ আয়োজনে স্বাগত জানাবে নববর্ষকে।



এই প্রবাসে শান্তি, সম্প্রীতি, সৌহার্দ্য আর দেশের প্রতি অগাধ ভালবাসায় নতুন এক সমাজ গড়ে তোলা হোক আমাদের নতুন বছরের অঙ্গীকার। পুরনো বছরটি পেছনে ফেলে সম্মুখপানে এগিয়ে যাওয়ার দূরন্ত আহ্বানে প্রতীতি স্বাগত জানাবে নতুন বছরকে। কামনা করবো সব বাধাবিঘ্ন কেটে গিয়ে উদিত হোক নতুন সূর্য। নতুন বছর আমাদের মন রাঙিয়ে দিয়ে যাক তার আপন রঙে। প্রতিবারের মত প্রতীতি এবারও আয়োজন করেছে এক প্রভাতী অনুষ্ঠান

পড়ুক ঝরে সুরের ধারা

২২শে এপ্রিল, রবিবার ২০১৮ সকাল ১০:৩০ মিনিট

Redgum Function Centre, 2 Lane Street, Wentworthville

আসুন আমরা মিলে যাই আনন্দে, কল্যাণে আর শুদ্ধতায়। মাটির সাথে চির বন্ধনযুক্ত নববর্ষের এই উৎসবে আপনাদের সবার উপস্থিতি প্রাণের সাথে প্রাণের মিলন ঘটাবে, প্রমাণ করবে বাংলা সংস্কৃতির শক্তিময়তা। অন্ধকারের উৎস থেকে উৎসারিত আলোয় আলোকিত হোক নতুন বছর, সে আলো ছড়িয়ে পড়ুক সবখানে।

আবহমান বাংলার ঐতিহ্যের আলোকে আমাদের নিজস্ব কৃষ্টির লালন আর জাতি হিসেবে বাঙালির সংস্কৃতির বিশিষ্টতা তুলে ধরাই প্রতীতির অঙ্গীকার। আপনাদের অংশগ্রহণ আমাদের প্রাণিত করবে।



প্রতীতি